

সংগীত কুমার | ক্যাম্পাস | 29 April, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ৩৩তম ব্যাচের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৯ এপ্রিল) দুপুরে বিশ্ববিদ্যালয়ের অনুষ্ণভবনের ৪২৭ নম্বর কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষার্থী, শিক্ষক এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রতিনিধিরা অংশ নেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন খিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষ্ণভবনের ডিন প্রফেসর ড. আ.ব.ম ছিদ্দিকুর রহমান আশরাফী এবং বিভাগের এমটিআইএস ভর্তি কমিটি (২০২৩)-এর সভাপতি প্রফেসর ড. মো. গোলাম মাওলা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের সভাপতি প্রফেসর ড. মো. রহিম উল্লাহ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, "বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক শুধুমাত্র শ্রেণিকক্ষভিত্তিক নয়, বরং এটি জ্ঞানচর্চা ও বিদ্যাবিনিময়ের একটি অবিচ্ছেদ্য বন্ধন।" তিনি দা'ওয়াহ বিভাগকে আরও সমৃদ্ধ করতে শিক্ষার্থীদের সেমিনার, সিম্পোজিয়াম, গ্রুপ স্টাডি ও পেপার প্রেজেন্টেশনে সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানান।

তিনি আরও বলেন, "আমি চাই বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয়ে একটি সেমিনার-সিম্পোজিয়াম কমিটি গঠিত হোক। পাশাপাশি শিক্ষার্থীরা ত্রৈমাসিক বা ষাণ্মাসিক গবেষণা পত্রিকা প্রকাশের উদ্যোগ নিতে পারে।" উচ্চতর শিক্ষা ও গবেষণায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য দেশ-বিদেশে সুযোগ তৈরিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন তিনি।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. ওবায়দুল ইসলাম এবং বিভাগের বিভিন্ন পর্যায়ের শিক্ষকবৃন্দ। অনুষ্ঠান সম্বলনা করেন প্রফেসর ড. মুহা. কামরুজ্জামান।

অনুষ্ঠান শেষে ৩৩তম ব্যাচের বিদায়ী শিক্ষার্থীদের হাতে স্মারক ফ্রেস্ট তুলে দেওয়া হয়।

শিক্ষার্থী উপদেষ্টা উপাচার্য